

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৫/০৩/২০২২ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্য গণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, আজ ১৭ মার্চ। বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ জন্মদিন। সারাদেশে দিনটি জাতীয় শিশু দিবস হিসাবেও উদযাপিত হইতেছে মহা সমারোহে। ১৯২০ সালের এইদিনে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় এক সমুদ্রান্ত মুসলিম পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২২ খ্রি. উদযাপন উপলক্ষে হালুয়াঘাট উপজেলায় উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য আনন্দ র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। শিশু অধিকারও নানাভাবে পদদলিত হইতেছে। গ্রামে-গঞ্জে এখনও শিশুর অপুষ্টি একটি প্রধান সমস্যা। এইসব সমস্যা কাটাইয়া উঠিবার জন্য এবং ঘরে-বাহিরে শিশুর নিরাপত্তা ও উন্নয়ন নিশ্চিত করিবার জন্য আমাদের সর্বপ্রকার উদ্যোগ গ্রহণ করিতে হইবে। তবেই বঙ্গবন্ধুর সোনার বাংলার স্বপ্ন পূরণ হইবে। তাহার জন্মদিনটি জাতীয় শিশু দিবস হিসাবে পালনও মূলত একটি সার্থক, সুন্দর ও তাত্পর্যপূর্ণ প্রয়াস।</p> <p>সত্রাস ও জঙ্গিবাদ রুখে সমৃদ্ধ বাংলাদেশের গড়ার দৃঢ় প্রত্যয়ের মধ্যে ৪৬ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন হবে। যখন মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হাজার হাজার মানুষের শ্রোত, স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে পাংশা দিন ব্যাপী নানা কর্মসূচির আয়োজন করা হবে। এসব কর্মসূচি থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের অসাম্প্রদায়িক আধুনিক উন্নত রাষ্ট্র বিনির্মাণ ও মুক্তিযুদ্ধের সুমহান চেতনা সমুন্নত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হবে। দিবসটি উপলক্ষে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে জাতি উদযাপন করে এই দিনটিকে। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সব সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দিনব্যাপী নানা কর্মসূচির মধ্যে ছিল জাতীয় স্মৃতিসৌধে পুষ্পভবক নিবেদন, শিশু-কিশোরদের কুচকাওয়াজ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক নিবেদন, সরকারি ভবনে আলোকসজ্জা, মসজিদ, মন্দির ও প্যাগোডায় দেশের কল্যাণ কামনায় প্রার্থনা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা কেন্দ্র, হাসপাতাল, সরকারি শিশুসনদসহ বিভিন্ন প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।</p>	<p>সংস্কৃতি কার্যক্রমের পরিধি বাড়তে বিভিন্ন আয়োজনের মাধ্যমে এর ব্যাপক প্রচার কার্য চালানোর জন্য সিদ্ধান্ত হয়।</p> <p>১নং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক প্রতিভান শিল্পীদের খুজে বেড় করতে হবে।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ পাংশা, রাজবাড়ী।

তারিখঃ ১৫/০৩/ ২০২২

স্মারক নং যুব / পাংশা/২০২২-১৫৬

অনুলিপিঃ সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।

  
উপজেলা যুব উন্নয়ন অফিসার  
পাংশা, রাজবাড়ী।